তারিখ 21 MAY 1989
পৃষ্ঠা 5 কলাম 1

দৈনিক বাংলা

শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

041

# পরীক্ষার ফল প্রকাশে দেরী

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পরীক্ষার ফল প্রকাশে অপ্রত্যাশিত ও অবাঞ্ছিত দেরি ঘটছে। গতকাল দৈনিক বাংলায় প্রকাশিত এক রিপোর্টে বলা হয়েছে যে বিভিন্ন পরীক্ষার ফল প্রকাশে নির্ধারিত সময়সীমা লংঘন এক রকম নিয়মে পরিণত হয়েছে। ফলে সেশন জট আরও পাকিয়ে উঠছে।

পরীক্ষার ফল যথাসময়ে প্রকাশের উপর শিক্ষার ভবিষ্যৎ নির্ভরশীল। যথা সময়ে পরীক্ষার ফল না বেরোলে সব কিছু ভন্ডুল হয়ে যায়। দুঃখের বিষয় শিক্ষাক্ষেত্রে এই অবাঞ্ছিত পরিস্থিতিই বিরাজ করছে। এর ফলে ছাত্রছাত্রীদের শিক্ষাজীবন শেষ হতে অনেক বেশি সময় লাগছে. বহু ছাত্রছাত্রীর চাকরির বয়স পার হয়ে যাচ্ছে এবং অভিভাবকদের অযথা মাসুল গুণতে হচ্ছে

পরীক্ষার ফল প্রকাশের সময় পূর্বনির্ধারিত। ঢাকা বিশ্ববিদ্যালয়ে কোর্স প্রথা চালুর সময় ফাইনাল পরীক্ষার দু মাসের মধ্যে ফল প্রকাশ করতে হবে বলে সিদ্ধান্ত নেয়া হয়, সিন্ডিকেটে এই সিদ্ধান্ত অনুমোদিতও হয়। কিন্তু কার্যক্ষেত্রে এই সিদ্ধান্ত বাস্তবায়িত হচ্ছে না। ফল প্রকাশে সময় বা নিয়ম-নীতি কোনটাই ঠিক থাকছে না, প্রিলিমিনারী পরীক্ষার ফল বেরুচ্ছে এক সময় এবং অনার্সের অনেক পরে। একটি ক্ষেত্রে অনার্সের ফল প্রকাশের জন্য প্রিলিমিনারী পাশ ছাত্রছাত্রীদের এক বছর বসে থাকতে হচ্ছে। ডিগ্রি (পাস) ও সাবসিডিয়ারী পরীক্ষার ফল প্রকাশেও অনেক দেরী হচ্ছে। ১৯৮৭ সালের ডিগ্রি (পাস) পরীক্ষার ফল বের হতে আট মাস সময় লেগেছিল, ১৯৮৮ সালে অনুষ্ঠিত এই পরীক্ষার ফল গত পাঁচ মাসেও প্রকাশিত হয়নি। কবে হবে তার নিশ্চয়তা নেই।

বিশ্ববিদ্যালয় পর্যায়ের পরীক্ষাগুলির পরীক্ষা গ্রহণ ও ফল প্রকাশের দায়দায়িত্বের সবটাই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের। এ ব্যাপারে সুনির্দিষ্ট নিয়ম-নীতি ও সিদ্ধান্ত রয়েছে। এই সিদ্ধান্ত বাস্তবায়িত না হওয়ার দায়িত্ব সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কোনমতেই এড়াতে পারেন না।

নির্ধারিত সময়ে ফল প্রকাশের জন্য দরকার নির্দিষ্ট সময়ের মধ্যে পরীক্ষার খাতা দেখা শেষ করা। কর্তৃপক্ষকে এ দায়িত্ব সম্পাদন করতে হবে, পরীক্ষকদের দিয়ে খাতা দেখার কাজটি সম্পন্ন করাতে হবে নির্দিষ্ট সময়ের মধ্যে, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট অন্যরাও দায়িত্বনিষ্ঠ হবেন এবং সকল পরীক্ষার ফল নির্ধারিত সময়ে প্রকাশ নিশ্চিত হবে এর বেশী চাওয়া আমাদের নেই।